শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

জুলাই / ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৫২তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ২০ জুলাই ২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি ২০২২-২০২৩ইং অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সফলভাবে সমাপ্ত হয়েছে মর্মে পরিষদকে অবহিত করেন এবং পরিকল্পনা সফলভাবে সমাপ্ত করতে যথাযথ সহযোগীতা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জুলাই মাসে ভারী বর্ষনের কারনে উপজেলার বিভিন্ন ইউনিয়নে বেশ কিছু ব্রীজ কালভার্ট রাস্তা ঘাট ক্ষতিগ্রস্ত হয়েছে। যেমন আমুড়া ইউনিয়নের ঘাগুয়া গ্রামে গরুরখালের পাড় ভেংগে গ্রামের বিস্তীর্ন জমি পানিতে নিমজ্জিত হয়েছে, যার ফলে আসন্ন আমন মৌসুমে এলাকার কয়েকশত একর জমিতে কৃষকেরা ধান চাষ করেতে ব্যর্থ হবেন। সরেজমিনে পরিদর্শন করে দেখা গেছে উক্ত ভেংগে যাওয়া অংশটি জরুরী ভিত্তিতে মেরামত করা আবশ্যক যেখানে আনুমানিক ৫ লক্ষ টাকা ব্যয় হতে পারে। তবে পরিদর্শন করে দেখা গেছে যে, উক্ত খালটি সুরমা নদী হতে উৎপন্ন হয়ে সুন্দিশাইল নামক স্থানে এরাল বিল হতে উৎপন্ন খালের সহিত মিলিত হয়ে আমুড়া ব্রীজ-রাধাজুরী ব্রীজ-কুরা ব্রীজের নিচ দিয়ে ফেঞ্চুগঞ্জ বালাগঞ্জে প্রবাহিত হয়েছে। পর্যবেক্ষণে দেখা যায় গরুরখাল হতে সুন্দিশাইল পর্যন্ত খালটি প্রায় ভরাট হয়ে যাওয়ায় পানি প্রবাহে বাধাগ্রস্ত হয়ে উক্ত স্থানে ভাঙ্গানের সৃষ্টি হয়েছে। তাই গরুরখাল হতে সুন্দিশাইল পর্যন্ত খালের পলি ড্রেজিং করা এখন আবশ্যক হয়ে পড়েছে।<br>প্রকৌশলী আরো জানান যে, শরীফগঞ্জ ইউনিয়নের ৯নং ওয়ার্ডে কুশিয়ারা নদীর ভাঙ্গন হতে রাস্তা রক্ষার্থে বাধ নির্মাণ ও বাঘা ইউনিয়নের সংযোগ সড়কের মাদ্রাসা ঘাট অংশে সুরমা নদীর ভাঙ্গন হতে রাস্তা রক্ষার্থে বাধ নির্মাণ করা একান্ত আবশ্যক হয়ে পড়েছে।<br>সার্বিক নিরাপত্তায় নিয়োজিত আনসারদের শেড নির্মান ২০২২-২৩ অর্থবছরে নির্মানের জন্য ইতোমধ্যেই রাজস্ব খাত থেকে প্রাক্কলন করা হয়েছিল কিন্তু অদ্যাবধি কাজ শুরু করা যায়নি, যা শুরু করা | উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত আমুড়া ইউনিয়নের ঘাগুয়া গ্রামে গরুরখালের ভেঙ্গে যাওয়া অংশটি জরুরী ভিত্তিতে মেরামত, গরুরখাল হতে সুন্দিশাইল পর্যন্ত খালের পলি ড্রেজিং করা, শরীফগঞ্জ ইউনিয়নের ৯নং ওয়ার্ডে কুশিয়ারা নদীর ভাঙ্গন হতে রাস্তা রক্ষার্থে বাধ নির্মাণ, বাঘা ইউনিয়নের সংযোগ সড়কের মাদ্রাসা ঘাট অংশে সুরমা নদীর ভাঙ্গন হতে রাস্তা রক্ষার্থে বাধ নির্মাণ, সার্বিক নিরাপত্তায় নিয়োজিত আনসার শেড২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন মোতাবেক নির্মান ও উপজেলা নিবাহী অফিসারের বাংলোতে অফিস ঘরের প্রয়োজনীয় সংস্কার জরুরী বিধায় পরিষদ কর্তৃক প্রয়োজনীয় ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আবাসিক পুকুরের পাড়ের ভাঙ্গন প্রতিরোধে প্রস্তুতকৃত প্রাক্কলন স্থানীয় সরকার মন্ত্রনালয় বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী কর্তৃক উন্নয়ন কাজের মান নিয়ন্ত্রনের লক্ষ্যে ল্যাবরেটরী স্থাপনের প্রস্তাব অতিযুগোপযোগী হওয়ায় ১২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অবশ্যক মর্মে তিনি জানান এবং উপজেলা নির্বাহী অফিসারের বাংলোতে অফিস ঘরের প্রয়োজনীয় সংস্কার করা অবশ্যক মর্মে তিনি জানান। উপজেলা পরিষদ ও আবাসিক এলাকায় কিছু কিছু গাছের ডালপালা ছেটে দেওয়া প্রয়োজন মর্মে তিনি জানান।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, আবাসিক পুকুরের পাড়ের ভাঙন প্রতিরোধে নির্দেশনা মোতাবেক একটি ৪২.৫০.৫৭৫.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>প্রতিটি ইউনিয়নের ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষন করে তিনি আরো জানান যে, ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সঠিকভাবে প্রণয়ন এবং যথাসময়ে বাস্তবায়ন করার লক্ষে "উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪" অনুসরন করে ইউনিয়ন পরিষদ অত্র এলাকার সামগ্রিক চাহিদা প্রস্তুত পূর্বক মাসিক সভার রেজুলেশন সহ তাঁর বরাবর আগষ্ট ২০২৩ইং এর মধ্যে প্রেরন নিশ্চিত করার জন্য তিনি সকলের প্রতি আহবান জানান।<br>উপজেলা প্রকৌশলী পরিষদের দৃষ্টি আকর্ষন করে জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্য পরিধি উত্তোরত্তর বৃদ্ধি পাওয়ায় জেলা পর্যায়ের একমাত্র ল্যাবরেটরী দ্বারা কাজের মান নিয়ন্ত্রন করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। তাই প্রতিটি উপজেলায় একটি করে ল্যাবরেটরী স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে লক্ষে প্রায় ১২ শতক জমি ল্যাবরেটরী স্থাপন করার লক্ষে চিহ্নিত করে দেয়ার জন্য পরিষদকে অনুরোধ করেন। | শতক জমি চিহ্নিত করে ল্যাবরেটরী স্থাপনের জন্য বর্তমানে পরিষদে কোন উপযুক্ত স্থান নেই। পরিষদের একটি মাঠস্থান করে আর মাঠস্থানের সাথে সঙ্গতি রেখে পরবর্তীতে বিষয়টি বিবেচনা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২/<br>২ | স্বাস্থ্য বিভাগ | সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান,বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৩২০০জন, অন্তঃবিভাগে ভর্তি কৃত রোগী৫১০ জন, স্বাভাবিক প্রসব সেবা গ্রহন ৫০ জন। সিজারিয়ান সেবা সংখ্যা ৭ জন। করোনা টিকা স্বল্পতায় টিকা প্রদান সাময়িক স্থগিত রয়েছে। ইসিজি ৮০ জন । এইচ আইভি টেষ্ট ৮১ জন। ডেঙ্গু রোগের প্রার্দুভাব বৃদ্ধি হওয়ায় ডেঙ্গু এনএস১এন্টিজেন টেষ্ট শুরু হয়েছে। বর্তমানে করোনা রোগী নেই। যক্ষা রোগের টেষ্টের সংখ্যা ৩০ টি। করোনা ভাকসিন বুষ্টার পুনরায় চালু হয়েছে। | বহিঃবিভাগ ও অন্তঃবিভাগের রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান সহ স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/<br>৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, মে/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০০১৪ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৫৯৮, হার ৭৯.১৭%। গর্ভকালীন সেবা ৮৫৮ জন, প্রসব সেবা ৫০ জন, গর্ভোত্তর সেবা ২৪১ জন, শিশু সেবা ৫৩০ জন, রোগী ২৩৩৪ জন, জীবিত জন্মের সংখ্যা ২০৫জন, মৃত্যুর সংখ্যা ৮১ জন, সর্বমোট গর্ভবতী ১৮৭৪ এবং মোট প্রবাসী দম্পতি ৫৩০৫ জন । | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা প.প. কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/<br>৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান,বর্তমান অবহাওয়ায় ৬৫০০ হে.আউশ লক্ষ্যমাত্রা ধরা হলেও ১৮২০ হে. জমিতে আউশ উৎপাদন অর্জিত হয়েছে। আমন এর উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১১,৪৬৫ হে.। নন্দনবন ও ঢাকাদক্ষিন ইউনিয়নের হাড়িয়া খাল খনন করা প্রয়োজন। আমুড়া ইউনিয়নের ঘাঘুয়ার বাধ ভেঙ্গে কৃষি জমি প্লাবিত হওয়ায় এই বাঁধ দ্রুত নির্মান করা প্রয়োজন।সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যন্ত্রপাতি ও উপকরন সংরক্ষনাগার নির্মানের জন্য উপজেলা প্রাঙ্গনে ১২০০ বর্গফুটজায়গা | আউশ ও রোপা আমন আবাদ লক্ষ্যমাত্রা অর্জনের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন।পরিষদের একটি মাঠস্থান রয়েছে। সে মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা কৃষি কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজন।উপজেলা কৃষি অফিসের সন্নিকটে জায়গা প্রদান করার জন্য পরিষদের প্রতি আহবান জানানো হয় যে বিভিন্ন সভা সমাবেশে সুষমসার ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধ করা হয়। ডিএপি সার ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধ করার কথা বলা হয়। | | |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, জাতীয় মৎস্যসপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ২৪-৩০ জুলাই অত্র বিভাগ বিভিন্ন কর্মসূচি গ্রহন করেছে। ২য় দিন দুপুর ২.৩০ ঘটিকায় সড়ক র‍্যালি, উদ্বোধনী এবং আলোচনা সভার সময় নির্ধারন করা হয়। উপজেলা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করা হবে এবং ঐদিন মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি নিয়ে প্রামান্য চিত্র প্রদর্শন হবে। এই জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়। | জাতীয় মৎস্যসপ্তাহ ২০২৩ উদযাপনের কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রানি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২০৪৭ ,হাঁস মুরগীর চিকিৎসা ১১৭৫৪, কৃত্রিম প্রজনন ১৪৫। গবাদি পশুর টিকা প্রদান ৬৬০টি, হাঁস মুরগীর টিকা প্রদান ১৪,০০০ উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ১২ একর, উঠান বৈঠক আয়োজন ০৫ টি। ভেকসিনেশন ক্যাম্পেইন ৪ টি। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ইউনিয়ন পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট ২২/৭/২৩ তারিখ শুরু হবে।পরবর্তীতে উপজেলা পর্যায়ে ফুটবল টুর্ণামেন্ট শুরু হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ইউনিয়ন পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট ২০২৩ সফলভাবে সম্পন্নের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, জাতীয় শিক্ষাক্রম বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্টানের গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা হয়েছে। গ্রীষ্মকালীন ছুটি শীতকালীন ছুটির সাথে সমন্বয় করা হবে।নুতন শিক্ষাক্রম (৬ষ্ট ও ৭ম শ্রেণী) ও ৮ম,৯ম ও ১০ম শ্রেণীর বার্ষিক/সমাপনি পরীক্ষা আগামী ৩০ নভেম্বর/২০২৩ এর মধ্যে সমাপ্ত করতে হবে। আগামী ১৭ আগষ্ট হতে এইচএসসি ২০২৩ এর চুড়ান্ত পরীক্ষা আরম্ভ হবে। সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। | নুতন শিক্ষাক্রম (৬ষ্ট ও ৭ম শ্রেণী) ও ৮ম,৯ম ও ১০ম শ্রেণীর বার্ষিক/সমাপনি মূল্যায়ন পরীক্ষার ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান যে, মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় স্মল পাইপ লাইনের নলকুপ স্থাপন কাজ ৩৮ টির মধ্যে ৩০ টির স্থাপন কাজ শেষ এবং অবশিষ্ট ৮ টির কাজ চলমান আছে। | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় নলকুপ স্থাপন সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৯/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের ভাতা সুবিধাভোগীদের একাউন্টে প্রেরণ করার জন্য যেসকল সুবিধাভোগী মারা গেছেন দ্রুত তাদের প্রতিস্থাপন করার জন্য ইউপি চেয়ারম্যানগণদের প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষন করছি।আগষ্ট মাসের শুরু থেকে ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন শুরু হবে। ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে প্রত্যেক ইউনিয়নে সকল সুবিধাভোগীদের উপস্থিতিতে ভেরিফিকেশন চলবে।এ ক্ষেত্রে সকল ইউপি চেয়ারম্যান ও জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করছি। | ভাতাভোগীর টাকা সঠিক মোবাইল একাউন্টে প্রেরনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষন ও ঋণের কার্যক্রম শুরু হয়নি। আশা করছি আগামী মাসে সার্বিক যুব কার্যক্রমের প্রশিক্ষন সহ অন্যান্য কার্যক্রম শুরু হবে। যুব ঋণ প্রদান, ঋণের কিস্তি আদায়, যুব সংগঠন রেজিষ্ট্রেশন সহ আত্নকর্মী গড়ে তুলার সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরন এখনও শুরু হয়নি। বর্তমান অর্থবছরে ঋণ আদায় ১.৯২ লক্ষ টাকা। প্রশিক্ষনের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি সনে ১৫০ টি সমবায় সমিতির অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে এবং অডিটের কার্যক্রম চলছে। সিভিডিপি প্রকল্পের আওতায় ০২ মাস ব্যাপী ইলেকট্রনিক ও আইটি সাপোর্ট টেকনিশিয়ান ট্রেডে ৪০ জন প্রশিক্ষনার্থী ট্রেনিং এর জন্য প্রেরণ করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে সমিতির শতভাগ অডিট কার্য সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বোরো/২৩ সংগ্রহ কার্যক্রম চলমান আছে। আগষ্ট/২৩ এর মধ্যেই সংগ্রহ কার্যক্রম শতভাগ সফল হওয়ার চেষ্টা অব্যাহত থাকবে। জুলাই/২৩ হতে টিসিবি কার্ডের মাধ্যমে প্রতি কার্ডে মাস প্রতি ৫ কেজি করে চাল পাবে।এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে মনিটরিংকরতে অনুরোধ করা হলো। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান,দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৯/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ সচেষ্ট থাকবেন। তার উপজেলা মাসিক সভায় অনুপস্থিত থাকার বিষয়টি জেলা সমন্বয় সভায় উত্তাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান,বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বালবায় বাড়লে মাঝে মাঝে লোডশেডিং হচ্ছে।বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। উপজেলা পরিষদ ও হাসপাতালে জরুরী সেবাদানকারী প্রতিষ্ঠান বিবেচনায় এখানে সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহ চালু রাখার প্রয়োজনে আলাদা লাইন করার বিষয়ে ডিজিএম পল্লীবিদ্যুৎকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরের ঋণ বিতরন ১ কোটি ৪৪ লক্ষ ৯৯ হাজার টাকা, ঋণ আদায় ১ কোটি ৩৮ লক্ষ ৫৭ হাজার টাকা।ঋণ আদায়ের হার ৯৯%। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২১ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, উপজেলা সার্ভার ষ্টেশন ভার্টিকেলী/হরাইজন্টালি সম্প্রসারন সম্ভব হলে জায়গার পরিমাণ (বর্গফুট) উল্লেখপূর্বক আর্থিক সংশ্লেষের পরিমান এবং কার্যসম্পাদনের জন্য প্রয়োজনীয় সময় নির্ধারন করত: উপজেলা প্রকৌশলী বরাবর প্রস্তাব প্রেরন করেন। | উপজেলা প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বিবিধ | ক) জনাব আব্দুস সামাদ, ইউপি চেয়ারম্যান, বাধা কর্তৃক ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ এর সচিব ও হিসাব সহকারীর উপর জনৈক কামরুজ্জামান মাসুদ নামক এক ব্যক্তি কর্তৃক মারধর অসদাচারন এবং অশ্লিল ভাষায় গালিগালাজ করার বিষয়ের উপর নিন্দা প্রস্তাব উত্থাপন করেন। আলোচনায় ফুলবাড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান যে, ইউনিয়ন পরিষদের সচিব ফোনে আমাকে জানান যে, মাসুদ আহমদ কর্তৃক ইউপি সচিব ও হিসাব সহকারীকে লাঞ্চিত করা হয়েছে। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদে উপস্থিত হয়ে বিস্তারিত জানার চেষ্টা করা অবস্থায়, মাসুদ ইউপি চেয়ারম্যান এর উপস্থিতিতে সচিবকে পুনরায় লাঞ্চিত করেন। এবং চেয়ারম্যান বাধা দিলে চেয়ারম্যানকেও লাঞ্চিত করার চেষ্টা করে। ইউপি চেয়ারম্যান পরিস্থিতি অনকূলে আনার জন্য মাসুদকে পরিষদ আঙ্গিনা হতে বের করার চেষ্টা করেন এবং মাসুদ চেয়ারম্যানকে গালিগালাজ করিলে চেয়ারম্যান | ক)বিস্তারিত আলোচনান্তে জনাব আব্দুস সামাদ, ইউপি চেয়ারম্যান বাধা কর্তৃক উত্থাপিত নিন্দা প্রস্তাব গৃহীত হয় এবং সভার সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি বলেন , সকল ইউপি চেয়ারম্যান ভবিষ্যতে সকল বিষয়ে সতর্কতার সহিত সৌজন্যমুলক আচরনের মাধ্যমে সেবা প্রদানের আহবান জানান।<br>খ)সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের অনুরোধ করা | ক) চেয়ারম্যান উপজেলাপরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ<br>খ) চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাসুদকে পরিষদে নিয়ে আসেন এবং তার অভিভাবকদেরকে বিষয়টি অবগত করেন। অভিভাবকগণ এসে বিষয়টি নিরসন করে মাসুদকে নিয়ে যান। মাসুদ বিষয়টি পরিকল্পিতভাবে আংশিক ভিডিও রেকর্ড করে সামাজিক স্যোশাল মিডিয়ায় প্রচার করে দেয়। এতে ফুলবাড়ি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সুনামও ভাবমুর্তি ক্ষুন্ন হয় এবং মানহানি ঘটে।<br>খ) লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান সভায় জানান, বাউলি টিলার নামে খাল খননে অনিয়ম তদন্তের প্রস্তাব। মৎস্য অধিদপ্তর থেকে যেকোন কার্যক্রম ইউনিয়ন পরিষদের সহায়তায় বাস্তবায়নের প্রস্তাব।লক্ষনাবন্দ ইউনিয়নের গাছপালা কেটে বিদ্যুৎ লাইন পরিস্কার করার জন্য পল্লী বিদ্যুৎডিজিএম কে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করেন।<br>গ) খাদ্য গুদাম হতে সিদ্ধ চালের পরিবর্তে আতপ চাল সরবরাহের ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয় ও সকল ইউপি চেয়ারম্যান সভাকে অবহিত করেন।<br>ঘ) পবিত্র ঈদ উল আযহার দায়িত্ব পালনের জন্য আনসার সদস্যদের ৮,৯৬০/-, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৫৫,৭৫০/-, উপজেলা পরিষদ আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৭৫০/-বিল সভায় উপস্থাপন করা হয়। | হয়।<br>গ)এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>ঘ) পবিত্র ঈদ উল আযহার দায়িত্ব পালনের জন্য আনসার সদস্যদের ৮,৯৬০/-, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৫৫,৭৫০/-, উপজেলা পরিষদ আবাসিক এলাকা পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪,৭৫০/-বিল সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে সর্বসম্মতিক্রমে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ঘ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/<br>উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব রাজন পালের অনুকূলে মে/২৩ মাসের আনুষংগিক বিল বাবদ ৫০০০/- চেক প্রদান চেক নং৬৯৩১৯৬৮ তাং১/৬/২৩।আব্দুল সোবহান, পরিচ্ছন্নতাকর্মী ও মালী ফাহিমা বেগম এর মে/২৩ মাসের মজুরীবাবদ (১২১০০/-+১২১০০/-)চেক প্রদান চেক নং ৬৯৩১৯৭২-৩ তাং১/৬/২৩।সিলেট পল্লীবিদ্যুৎ সমিতি -১ নভেম্বর ২০২২ পযৃন্ত উপজেলা পরিষদের বিভিন্ন মিটারের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ ১,২৮,৭২৩/-চেক প্রদান চেক নং৬৯৩১৯৭৪তাং ২০/৬/২৩।উপজেলা পরিষদের অডিটরিয়ামের আসবাবপত্র সরবরাহ বাবদ মুজিবুর রহমান মল্লিক এর অনুকূলে (৮১,৯০১/-+১৪,৯৮৩/-+২৯৯৭/-) চেক প্রদান চেক নং৬৯৩১৯৭৫-৭ তাং২০/৬/২৩।সিলেট পল্লীবিদ্যুৎসমিতি-১ ডিসেম্বর ২০২২ হতে মে/২৩ পর্যন্ত পরিষদের বিদ্যুৎ বিল প্রদান বাবদ৩৪৫৯৮/-চেক প্রদান চেক নং ৬৯৩১৯৭৮ তাং২২/৬/২৩।মঞ্জুর কাদির শাফি চেয়ারম্যান, উপজেলা পরিষদের অনকূলে ফেব্রয়ারী-জুন/২৩ মাসের ভ্রমন ভাতা বাবদ ৩৫৪০৫/-চেক প্রদান চেক নং ৬৯৩১৯৭৯ তাং২২/৬/২৩।মোঃ মনসুর আহমদ, ভাইসচেয়ারম্যান এর অনুকুলে ফেব্রয়ারী-জুন/২৩ পর্যন্ত ভ্রমন ভাতা বাবদ ৩২৯২৭/- চেক প্রদান চেক নং ৬৯৩১৯৮০ তাং২২/৬/২৩।মেসার্স সোলেমান বখত ফিলিং ষ্টেশন এর অনুকুলে ফেব্রয়ারী-জুন/২৩ পর্যন্ত ৭৬,২৯৫/- চেক প্রদান চেক নং ৬৯৩১৯৮১ তাং২০/৬/২৩।শাহ আলমের অনুকুলে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী বাবদ ৮০১০/- ভ্যাট ও আয়কর প্রদান চেক নং ৬৯৩১৯৮২ তাং২২/৬/২৩।মোঃ জাকির হোসেনের অনুকুলে জীপ গাড়ির ব্যাটারী ক্রয় বাবদ ১৮,৪৫০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৯৮৩ তাং২২/৬/২৩। পবিত্র ঈদউল ফিতর উপলক্ষ্যে আনসারদের ভাতা বাবদ ৫০৪০ চেক প্রদান চেক নং | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৬৯৩১৯৮৪ তাং২৫/৬/২৩। রাহেল আহমদের অনুকুলে আপ্যায়ন বিল বাবদ ৩০০০০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৯৮৫ ।মেয়র, গোলাপগঞ্জ পৌরসভাকে উপজেলা পরিষদের ভবন হোল্ডিং, পৌরকর প্রদান বাবদ ১৪৩৯৬৪/- চেক প্রদান চেক নং ৬৯৩১৯৮৬ তাং২৫/৬/২৩।রাহেল আহমদের অনুকুলে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪,৮৭০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৯৮৭ তাং ২৫/৬/২৩।রাহেল অহমদের অনুকুলে ইন্টারনেট বিল বাবদ ২৪০০০/- চেক প্রদান চেক নং ৬৯৩১ ৯৮৮ তাং ২৬/৬/২৩।জুন/২৩ মাসের আনুষংগিক বাবদ জনাব রাজন পালের অনুকুলে ৫০০০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৯৮৯ তাং ২৬/৬/২৩।রাহেল আহমদের অনুকুলে আনসারদের টেবিল ক্রয় বাবদ ২৪,৯৫০ চেক প্রদান চেক নং ৬৯৩১৯৯০ তাং২৬/৬/২৩। | | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কমকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্টার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্ততের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৮০৭

তারিখঃ ২০/০৭/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা----------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান--------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।

CS CamScanner

২০/০৭/২৬

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জৈাষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা নির্বাচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩২ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |

CamScanner